



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং : ০২৪৭-৮৬০৫১৯
মোবাইল নং : ০২৭০৮-৮০৬১২
ই-মেইল : dgmbcd@rakub.org.bd
ওয়েবসাইট : www.rakub.org.bd

সূত্র নং-প্রকা/শানিবি-৮(১৫)/২০১৮-২০১৯/১০৫৬(৪০১)

তারিখ: ১৮.০২.২০১৯

সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

বিষয়: আমানত সংগ্রহের লক্ষ্যে মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা প্রসংগে।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে এ বিভাগের ৩০.০১.২০১৯ তারিখের শানিবি সার্কুলার নং-০২/২০১৯ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত সার্কুলারের মাধ্যমে পূর্ববর্তী বছরের ন্যায় এ বছরেও আগামী ২৪.০২.২০১৯ তারিখ হতে ২১.০৩.২০১৯ তারিখ পর্যন্ত সকল শাখায় “মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা” আয়োজনের নির্দেশনা জারী করা হয়েছে।

০২। ব্যাংকের আমানত সংগ্রহ কার্যক্রম জোরদার করা এবং core deposit হিসেবে সঞ্চয়ী হিসাব খোলার জন্য সর্বোচ্চ গুরুত্ব দিয়ে আমানত হিসাব খোলার মেলা বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য পুনরায় পরামর্শ প্রদান করা হলো:

- এ মেলা চলাকালীন সময়ে স্থানীয় মুখ্য কার্যালয় রাজশাহী, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা ও প্রতিটি জেলা শাখাকে ন্যূনতম ৫০০টি, উপজেলা/পৌরসভা শাখাকে ৩৫০টি এবং ইউনিয়ন পর্যায়ের শাখাকে ২৫০টি করে সঞ্চয়ী হিসাব খুলতে হবে। তদনুসারে জোনাল ব্যবস্থাপকগণ স্ব-স্ব জোনের আওতাধীন শাখাসমূহের আমানত হিসাব খোলার মেলায় নির্ধারিত সঞ্চয়ী হিসাবসহ অন্যান্য হিসাব খোলার লক্ষ্যমাত্রা সার্কুলারে প্রদত্ত ছক মোতাবেক সার্কুলার জারীর তিন দিনের মধ্যে নির্ধারণ করে উক্ত লক্ষ্যমাত্রার শাখাওয়ারী অনুলিপি তাৎক্ষণিকভাবে শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছিল;
- মাসব্যাপী আমানত হিসাব খোলার সময়ে প্রত্যেক নতুন আমানতকারীকে (ন্যূনতম ১০০০/- টাকার আমানত জমাকারী) এবং পুরাতন আমানতকারীর হিসাবে কমপক্ষে ২০০০/- টাকা জমা করলে রাকাবের মনোগ্রাম সম্বলিত একটি করে স্টিলের চাবির রিং প্রদান করতে হবে। চাবির রিং প্রধান কার্যালয়ের সাধারণ সেবা বিভাগ হতে সরবরাহ করা হবে;
- যে সকল কর্মকর্তা-কর্মচারী মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলায় কমপক্ষে ৪০টি নতুন সঞ্চয়ী হিসাব খোলাসহ অন্যান্য হিসাবের বিপরীতে ন্যূনতম ১০.০০ লক্ষ টাকা নতুন আমানত সংগ্রহ করবেন তাঁদেরকে প্রাইজবন্ড আকারে ১০০০/- টাকা পুরস্কার ও ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে প্রশংসা পত্র প্রদান করা হবে। সংগৃহীত আমানত সংশ্লিষ্ট অর্থবছরের ৩০ জুন পর্যন্ত জমা থাকতে হবে। পুরস্কারের অর্থ প্রধান কার্যালয়ের ব্যবসা উন্নয়ন খাত হতে খরচ করা হবে। উল্লেখ্য যে, স্কুল ব্যাংকিং, আর্থিক অন্তর্ভুক্তির আওতায় ১০/-, ৫০/- ও ১০০/- টাকায় খোলা হিসাব এবং নবায়নকৃত স্থায়ী আমানত হিসাবসমূহ এ মাসব্যাপী আমানত হিসাব খোলা পুরস্কারের আওতাবহির্ভূত থাকবে;
- জোনাল কার্যালয়সমূহ মাসব্যাপী আমানত হিসাব খোলা মেলায় প্রতিদিনের অগ্রগতি প্রদত্ত ছক-‘খ’ শাখাসমূহ হতে সংগ্রহপূর্বক শাখাওয়ারী সংকলিত প্রতিদিনের বিবরণী ঐ দিনই সন্ধ্যা ৬.০০টার মধ্যে প্রধান কার্যালয়ের মনিটরিং বিভাগের ই-মেইল ঠিকানায় (dgmmu@rakub.org.bd) প্রেরণ করবে।

০৩। আমানত হিসাব খোলার মেলা উৎসব মুখর ও বর্ণাঢ্য পরিবেশে অনুষ্ঠিত করার নিমিত্ত নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে:


- শাখার প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর মধ্যে এলাকা ভাগ করে দিতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী নিজ নিজ এলাকার সম্ভাব্য আমানতকারীগণের সঙ্গে ব্যক্তিগতভাবে যোগাযোগ করবেন। শাখার সকল কর্মকর্তা-কর্মচারী এ সময়ে আমানত হিসাব খোলার ফরম সংগে রাখবেন এবং সম্ভাব্য আমানতকারীকে ফরম সরবরাহ পূর্বক হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- এলাকাভিত্তিক প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর আমানত সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিতে হবে। তবে বণ্টনকৃত এলাকার বাহিরে সুযোগ থাকলে সেখান থেকে আমানত সংগ্রহ করা যেতে পারে;
- প্রত্যেকটি শাখায় ব্যানার (নমুনা মোতাবেক) টানানোসহ শাখাগুলোতে বিভিন্ন ধরনের ফেস্টুন/রঞ্জন কাগজ দিয়ে সাজাতে হবে;

ক্রমশ: পাতা-০২

- (ঘ) শাখার আওতাধীন এলাকায় ব্যাপক প্রচার-প্রচারণার নিমিত্ত ব্যক্তিগত যোগাযোগসহ মাইকিং, ঢোল শহরতের মাধ্যমে শাখায় উৎসব মুখর পরিবেশ সৃষ্টির ব্যবস্থা নিতে হবে;
- (ঙ) মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলায় নতুনভাবে খোলা প্রত্যেক হিসাবধারীকে হালকা আপ্যায়ন করতে হবে;
- (চ) প্রত্যেক শাখায় সঞ্চয়ী হিসাবসহ অন্যান্য আমানত হিসাব খোলা সংক্রান্ত যাবতীয় ফরম ও জমা স্লিপ যাতে যথেষ্ট পরিমাণ মজুদ থাকে সেজন্য জোনাল ব্যবস্থাপকগণ পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
- (ছ) ‘মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা’ সফল করার জন্য জোনাল ব্যবস্থাপকগণ শাখাসমূহ নিবিড়ভাবে পর্যবেক্ষণের ব্যবস্থা নেবেন এবং MIS এর মাধ্যমে প্রতিদিনের তথ্য প্রতিদিন মনিটর করবেন। কোন শাখায় এ বিষয়ে শৈথিল্য/গাফিলতি পরিলক্ষিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। “মাসব্যাপী আমানত হিসাব খোলা মেলা” শুরুর পূর্বেই জোনাল ব্যবস্থাপকগণ মেলা কার্যকর ও ফলপ্রসূ করার লক্ষ্যে শাখাসমূহে সকল প্রস্তুতি সম্পন্ন করবেন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ ও ব্যাংকের প্রধান কার্যালয়ের নির্বাহীগণ শাখাসমূহ পরিদর্শন করে সকলকে উদ্বুদ্ধকরণসহ দিক নির্দেশনা দেবেন। ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারী স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে “মাসব্যাপী আমানত হিসাব খোলার মেলা” শতভাগ সাফল্যমন্ডিত করে তুলবেন বলে ব্যাংক ব্যবস্থাপনা দৃঢ়ভাবে বিশ্বাসী।

আপনার বিশ্বস্ত


১৮.০২.২০১৯

(শেখ মোঃ নূরুজ্জামান)

সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

প্রকা/শানিবি-৮(১৫)/২০১৮-২০১৯/১০৫৬(৪০১)/৫৪

তারিখ: ১৮.০২.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে সার্কুলার লেটারটি রাকাব ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে), জোনাল নিরীক্ষা কার্যালয়, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। জনসংযোগ কর্মকর্তা, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।


১৮.০২.২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা